09 AUG 1996

দৈনিক বাংলা

তারিখ 09 AUG 1996
পৃষ্ঠা কলাম

03

### সংসদে শিক্ষামন্ত্রী

# পাঠ্য বইয়ে দেশের সঠিক ইতিহাস সংযোজনে কমিটি হয়েছে

**স্টাফ রিপোর্টার ঃ** শিক্ষামন্ত্রী এএসএইচকে সাদেক বলেছেন, মুক্তিযুদ্ধের আদর্শভিত্তিক পাঠ্য পুস্তক তৈরির জন্য কোন কমিটি গঠন করা হয়নি। তবে, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্য পুস্তক বোর্ডের প্রকাশিত পাঠ্য পুস্তকে বাংলাদেশের সঠিক ইতিহাস সংযোজনের জন্য পাঠ্যক্রম পরিমার্জন ও পরিবর্ধনের জন্য একটি কমিটি গঠন করা হয়েছে। ৭ আগস্ট '৯৬ তারিখে ৭ সদস্যের উক্ত কমিটি গঠন করা হয়েছে।

বৃহস্পতিবার জাতীয় সংসদে মোঃ

(৪-এর পৃঃ ১-এর কঃ দ্রঃ)

## পাঠ্য বইয়ে দেশের

(প্রথম পৃষ্ঠার পর)

মসিউর রহমান (ঝিনাইদহ-২)-এর এক তারকাবিহীন প্রশ্নের উত্তরে মন্ত্রী একথা বলেন। উক্ত কমিটিতে রয়েছেন ডঃ এএফ সালাউদ্দিন আহমেদ প্রাক্তন অধ্যাপক, ইতিহাস বিভাগ ঢাকা বিশ্ববিদ্যালয় ডঃ এম মোস্তফা চৌধুরী, অধ্যাপক রাষ্ট্রবিজ্ঞান বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়, ডঃ মুনতাসির উদ্দিন খান মামুন, অধ্যাপক ইতিহাস বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়, ডঃ হারুন-অর-রশীদ অধ্যাপক, রাষ্ট্রবিজ্ঞান বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়, ডঃ সনজীদা খাতুন, অধ্যাপক বাংলা বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়, ডঃ মমতাজ উদ্দিন পাটোয়ারী, সহকারী অধ্যাপক ইতিহাস বিভাগ, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ও জিএম গাউস, সাংবাদিক, গবেষক।

গাজী মোহাম্মদ শাহজাহান (চট্টগ্রাম-১১)-এর এক প্রশ্নের উত্তরে শিক্ষামন্ত্রী বলেন, প্রাথমিক বিদ্যালয়ের পাঠ্যবই পরিবর্তনের কোন পরিকল্পনা সরকারের নেই। তবে, ১৯৯৭ শিক্ষাবর্ষ হতে সঠিক ঐতিহাসিক তথ্য পাঠ্যবই-এ অন্তর্ভুক্ত করার পরিকল্পনা আছে।

কাজী কেরামত আলী (রাজবাড়ী-১)-এর এক প্রশ্নের উত্তরে শিক্ষামন্ত্রী বলেন, দেশে ১৩টি মন্ত্রণালয়ের অধীনে ৬৪টি গবেষণাগার আছে। এর মধ্যে বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের অধীনস্থ গবেষণাগারগুলোতে ৭১৩ জন গবেষণা কর্মকর্তা আছেন। এই মন্ত্রণালয়ে গবেষণা কাজের জন্য ২৮ কোটি ৫৪ লাখ টাকা ব্যয় হয়।

### বিদ্যালয়ে গমনেচ্ছু শিশুর সংখ্যা ১ কোটি ৯৪ লাখ

জাফরুল ইসলাম চৌধুরী (চট্টগ্রাম-১৫)-এর এক প্রশ্নের উত্তরে শিক্ষামন্ত্রী বলেন, দেশে বর্তমানে প্রাথমিক বিদ্যালয়ে গমনেচ্ছু শিশুর সংখ্যা প্রায় ১ কোটি ৯৪ লাখ। তিনি বলেন; ৯৬ সালে প্রাথমিক বিদ্যালয়সমূহে শতকরা প্রায় ৯২ ভাগ শিশু ভর্তি হয়েছে।

### ভাসমান লোকের সংখ্যা ৪,৫২,২৭৫

মোঃ মিজানুর রহমান চৌধুরী (নীলফামারী-৩)-এর এক প্রশ্নের উত্তরে মহিলা ও শিশুবিষয়ক প্রতিমন্ত্রী ডাঃ মোজাম্মেল হোসেন বলেন, ৯১ সালের আদমশুমারি অনুযায়ী দেশে ভাসমান লোক সংখ্যা ৪৫২২৭৫ জন। এরমধ্যে মহিলা ১৫৪৪০ জন। এই হিসাবে ট্রানজিট পুনসংখ্যাও অন্তর্ভুক্ত আছে। প্রতিমন্ত্রী জানান, নিরাশ্রয় মহিলাদের ইউনিয়নভিত্তিক কর্মসংস্থানের সুনির্দিষ্ট কোন কর্মসূচী নেয়া হয়নি। তবে ৯২-৯৬ জুন পর্যন্ত ইউনিয়নভিত্তিক ভিজিডি কর্মসূচীর মাধ্যমে প্রতি ১৮ মাসে ৪৪৩০০০ দুস্থ মহিলাকে খাদ্য সহায়তা কর্মসূচী অব্যাহত আছে।